# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৪১৮২

পর্ব ২১: খাদ্য (كتاب الأطعمة)

পরিচ্ছেদঃ প্রথম অনুচ্ছেদ

الْفَصْلُ الْأَوَّلُ

আরবী

وَعَنْ عَائِشَةَ رَضِيَ اللَّهُ عَنْهَا قَالَتْ: كَانَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يُحِبُّ الْحَلْوَاء وَالْعَسَل. رَوَاهُ الْبُخَارِيّ

বাংলা

৪১৮২-[২৪] ’আয়িশাহ্ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেনঃ রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম মিষ্টি ও মধু পছন্দ করতেন। (বুখারী)[1]

ফুটনোট

[1] সহীহ : বুখারী ৫৪৩১, ৫৫৯৯; মুসলিম (১৪৭৪)-২১, তিরমিযী ১৮৩১, আবূ দাঊদ ৩৭১৫, ইবনু মাজাহ ৩৩২৩, সহীহ ইবনু হিব্বান ৫২৫৪, সুনানুন্ নাসায়ী আল কুবরা ৭৫৬২, দারিমী ২০৭৫।

ব্যাখ্যা

ব্যাখ্যাঃ (كَانَ رَسُولُ اللهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يُحِبُّ الْحَلْوَاءَ وَالْعَسَلَ) ‘‘রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম মিষ্টি ও মধু পছন্দ করতেন।’’ ইবনু বাত্ত্বল (রহিমাহুল্লাহ) বলেনঃ মিষ্টি ও মধু পবিত্র খাদ্যদ্রব্যের অন্তর্ভুক্ত। তিনি আরো বলেনঃ সকল প্রকার সুস্বাদু খাবার এ হাদীসের অন্তর্ভুক্ত অর্থাৎ সকল প্রকার সুস্বাদু খাবার খাওয়া বৈধ। খত্ত্বাবী (রহিমাহুল্লাহ) বলেনঃ তিনি মিষ্টি ও মধু পছন্দ করতেন এর অর্থ এ নয় যে, তিনি ঐ বস্তুর প্রতি আসক্ত ছিলেন বরং ঐ দু’টি উপস্থিত হলে তা থেকে তিনি সুন্দরভাবে গ্রহণ করতেন। এ দ্বারা বুঝা যেত যে, তিনি তা পছন্দ করতেন। সায়ালিবী (রহিমাহুল্লাহ) বলেনঃ যে মিষ্টি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম পছন্দ করতেন তা খেজুর ও দুধের মিশ্রণে তৈরি করা হত। অত্র হাদীসে এটাও জানা যায় যে, একাধিক প্রকারের খাদ্য গ্রহণ বৈধ তা মাকরূহ নয়। যেমনটি অনেক সুফীরা মনে করে থাকে। (মিরক্বাতুল মাফাতীহ, ফাতহুল বারী ৯ম খন্ড, হাঃ ৫৪৩১; তুহফাতুল আহ্ওয়াযী ৫ম খন্ড, হাঃ ১৮৩১)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবূ বাকর সিদ্দীক (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=74905

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন